

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
web: www.dgfood.gov.bd

স্মারক নংঃ ১৩.০১.০০০০.০৮৪.০৯.০১৪.০৯. ১৭৬(৮১)

তারিখঃ ০৪/১০/২০১৭ খ্রিঃ।

বিষয় : নিয়মিতভাবে শ্রম ও হ্যাভলিং ঠিকাদার নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি/সাইলো/ঘাটসমূহে প্রতি দুই বছর পর পর শ্রম ও হ্যাভলিং ঠিকাদার নিয়োগের নির্দেশনা রয়েছে। তথ্য সংগ্রহ করে দেখা গেছে অনেক স্থানে নিয়মিত ঠিকাদার নিয়োগ করা হচ্ছে না। কতিপয় স্থানে ৫/৭ বছরের পুরাতন ঠিকাদার দ্বারা বা মাষ্টাররোলে শ্রম ও হ্যাভলিং কাজ পরিচালনা করা হচ্ছে, যা আদৌ কাম্য নয়।

বিষয়টি নিয়ে খাদ্য মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভায় আলোচনা হয়েছে। এছাড়া ২৫-২৭ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলন, ২০১৭ এ বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

“ দেশের সকল এলএসডি গোডাউন থেকে খাদ্যশস্য লোড/আনলোড করার জন্য প্রচলিত শ্রমিক মজুরী বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ করতে হবে।”

এমতাবস্থায়, যে সকল স্থাপনায় শ্রম ও হ্যাভলিং ঠিকাদারদের মেয়াদ শেষ হয়ে গেছে, সে সকল স্থাপনায় স্বাভাবিক নিয়মে এবং যে সকল স্থাপনায় ঠিকাদার নিয়োগের উপর আদালতে মামলা আছে, সে সকল স্থাপনায় মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করে আগামী ১(এক) মাসের মধ্যে ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আগামী ৩(তিন) মাসের মধ্যে ঠিকাদার নিয়োগ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি জরুরী বিবেচ্য।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


মোঃ তাজুল ইসলাম

অতিরিক্ত পরিচালক (সংরক্ষণ ও সাইলো)

ফোন : ৯৫৫৬৬৭৮

ইমেইল : adl.silo@dgfood.gov.bd

- প্রাপক : ১। প্রধান মিলার, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তুগোলা, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর।
৩। সাইলো অধীক্ষক চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/মোংলা সাইলো/ ষ্টীল সাইলো, খুলনা।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
৬। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা- পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।